



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
ধুনট, বগুড়া।
www.dhunot.bogra.gov.bd

স্মারক সংখ্যা-০৫.৫০.১০২৭.০০০.১৪.০০৩.২৩. ৯৫২

তারিখ : ১৩ অগ্রহায়ণ ১৪৩০
২৮ নভেম্বর ২০২৩

উপজেলা মুক্তিযোদ্ধা কমপ্লেক্স ভবনের দোকান/ কক্ষ ভাড়ার বিজ্ঞপ্তি

এতদ্বারা সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের ১৮ জানুয়ারি ২০২১ তারিখের ৪৮.০০.০০০০. ০০৮.০১৪.০৪৩(৭)১১-৩৬ নং স্মারকমূলে জারিকৃত “উপজেলা মুক্তিযোদ্ধা কমপ্লেক্স ভবন ব্যবহার সংক্রান্ত” সংশোধিত পরিপত্র এবং ২০ নভেম্বর ২০২৩ তারিখের অনুষ্ঠিত উপজেলা মুক্তিযোদ্ধা কমপ্লেক্স ভবন রক্ষণাবেক্ষণ ও পরিচালনা বিষয়ক আহ্বায়ক কমিটির সভার সিদ্ধান্ত মোতাবেক ধুনট উপজেলা মুক্তিযোদ্ধা কমপ্লেক্স ভবনের নিচতলার ০৬টি (০১-০৬) নং কক্ষ ও ২য় তলার ০৬টি (০৭-১২) নং কক্ষসহ মোট ১২ (বার)টি কক্ষ দোকান/অফিস হিসেবে ভাড়া দেয়ার জন্য আশ্রয়ীদের নিকট হতে নির্ধারিত ফরমে আবেদনপত্র আহ্বান করা যাচ্ছে।


০১	আবেদন ফরম বিতরণের তারিখ	২৯ নভেম্বর ২০২৩ তারিখ হতে ১৩ ডিসেম্বর ২০২৩ তারিখ (বেলা ১২.০০ ঘটিকা পর্যন্ত)
০২	আবেদন ফরম প্রাপ্তির স্থান	উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয় ও ওয়েবসাইট
০৩	আবেদন ফরম জমাদানের শেষ তারিখ ও সময়	১৪ ডিসেম্বর ২০২৩ তারিখ বিকাল ০৪.০০ ঘটিকা পর্যন্ত
০৪	আবেদন ফরম জমাদানের স্থান	উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, ধুনট, বগুড়া
০৫	কক্ষ ভাড়ার পরিমাণ ও জামানত	আলোচনা সাপেক্ষে

বিশেষ সুবিধাদি: সার্বক্ষণিক বিদ্যুৎ, পানি ও জেনারেটর সুবিধা ও সার্বক্ষণিক নিরাপত্তার সুব্যবস্থা।

শর্তাবলীঃ

- ০১। সরকারি/ বেসরকারি প্রতিষ্ঠান/ ব্যাংক/বীমা/এনজিও এর অফিস হিসেবে ভাড়া নেয়ার ক্ষেত্রে সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের আনুষ্ঠানিক কাগজপত্র সংযুক্ত করতে হবে এবং দোকান হিসেবে ভাড়া নেয়ার ক্ষেত্রে আবেদনপত্রের সাথে আবেদনকারীর এক কপি ছবি, জাতীয় পরিচয়পত্রের ফটোকপি এবং ট্রেড লাইসেন্স এর ফটোকপি সত্যায়িত করে সংযুক্ত করতে হবে।
- ০২। আবেদনপত্রের সাথে উপজেলা নির্বাহী অফিসার ও আহ্বায়ক, উপজেলা মুক্তিযোদ্ধা কমপ্লেক্স ভবন পরিচালনা ও ব্যবস্থাপনা কমিটি, ধুনট বরাবর যেকোন তফশিলী ব্যাংক হতে ২,০০০/- (দুই হাজার) টাকার পে-অর্ডার সংযুক্ত করতে হবে (ফেরতযোগ্য)।
- ০৩। প্রতি বছর কর্তৃপক্ষ ভাড়া নির্ধারণ করবেন।
- ০৪। বরাদ্দকৃত কক্ষে আইন বিরোধী, রাষ্ট্রবিরোধী ও মুক্তিযুদ্ধ বিরোধী কার্যক্রম পরিচালনা করা যাবে না এবং মুক্তিযোদ্ধাদের প্রতিষ্ঠান হিসেবে এর মর্যাদা ক্ষুণ্ণ হয় এমন কার্যক্রম করা যাবে না।
- ০৫। স্বাধীনতা ও মুক্তিযুদ্ধ বিরোধী ব্যক্তি/পরিবারের কেউ দোকান ভাড়া নিতে পারবে না।
- ০৬। আবেদনপত্র নিম্নস্বাক্ষরকারীর কার্যালয় হতে সংগ্রহ করা যাবে।
- ০৭। অসম্পূর্ণ আবেদন বাতিল বলে গণ্য হবে।
- ০৮। নির্ধারিত তারিখ ও সময়ের পরে কোন আবেদন দাখিল করা যাবে না।
- ০৯। প্রতিটি কক্ষের বিপরীতে সর্বোচ্চ দাখিলকৃত ভাড়া প্রদানকারীর অনুকূলে দোকান/অফিস বরাদ্দ দেওয়া হবে।
- ১০। প্রতিটি কক্ষের বিপরীতে নির্ধারিত ভাড়া ও জামানতের পরিমাণ কম উল্লেখ করলে আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে।
- ১১। একই কক্ষের জন্য সর্বোচ্চ দরদাতার দাখিলকৃত দর একাধিক হলে লটারির মাধ্যমে নির্বাচন করা হবে।
- ১২। পর পর তিন মাস দোকান ভাড়া পরিশোধ করতে ব্যর্থ হলে কোন কারণ দর্শানো ছাড়া বরাদ্দ বাতিল বলে গণ্য হবে এবং জামানত বাজেয়াপ্ত করা হবে।

- ১৩। সরকারি/বেসরকারি/ব্যাংক/বীমা/এনজিও প্রতিষ্ঠান ভাড়া নেওয়ার ক্ষেত্রে জামানত প্রদান করার প্রয়োজন নেই।
- ১৪। দোকানের সকল ধরনের ইউটিলিটি বিল (পানি, বিদ্যুৎ ও অন্যান্য) সংশ্লিষ্ট দোকান বরাদ্দ গ্রহণকারী পরিশোধ করিবেন।
- ১৫। কোন প্রতিষ্ঠান কর্তৃক সবগুলি কক্ষ এককভাবে ভাড়া নেয়ার ক্ষেত্রে অধাধিকার প্রদান করা হবে।
- ১৬। কর্তৃপক্ষ যে কোন সিদ্ধান্ত/শর্ত পরিবর্তন, সংশোধন ও সংযোজন করতে পারেন।



(মোঃ আশিক খান)
উপজেলা নির্বাহী অফিসার

ও

আহ্বায়ক

উপজেলা মুক্তিযোদ্ধা কমপ্লেক্স ভবন পরিচালনা ও ব্যবস্থাপনা কমিটি
ধুনট, বগুড়া।

ফোন: ০২৫৮৯৯১০১০১

unodhunat@mopa.gov.bd

অনুলিপি সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থেঃ

- ১। জেলা প্রশাসক, বগুড়া।
- ২। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ধুনট, বগুড়া।
- ৩। কমান্ডার, উপজেলা মুক্তিযোদ্ধা সংসদ, ধুনট, বগুড়া।
- ৪। সহকারী প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, ধুনট, বগুড়াকে বিজ্ঞপ্তিটি ওয়েবসাইটে আপলোড করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন।
- ৫। সম্পাদক, দৈনিক প্রথম আলো, কারওয়ান বাজার, ঢাকা তাকে বিজ্ঞপ্তিটি ০১ (এক) দিনের জন্য স্বল্প পরিসরে প্রকাশ করার জন্য অনুরোধ করা হলো।
- ৫। নোটিশ বোর্ড।



(মোঃ আব্দুল্লাহ আল কাফী)
উপজেলা সমাজসেবা অফিসার

ও

সদস্য সচিব

উপজেলা মুক্তিযোদ্ধা কমপ্লেক্স ভবন পরিচালনা ও ব্যবস্থাপনা কমিটি
ধুনট, বগুড়া।